

বেরোবিতে র্যাগিং বন্ধে অভিযোগ বক্স ও ইমেইল চালু

বেরোবি প্রতিনিধি

২২ নভেম্বর, ২০২৪
১০:৪৪

শেয়ার

অ +

অ -



রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) র্যাগিং প্রতিরোধে নতুন পদক্ষেপ হিসেবে ক্যাম্পাসজুড়ে অভিযোগ বক্স স্থাপন ও ইমেইল ঠিকানা চালু করছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. ফেরদৌস রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ক্যাম্পাসের প্রতিটি একাডেমিক ভবন, আবাসিক হল এবং প্রক্টর অফিসে র্যাগিং সংক্রান্ত অভিযোগ জমা দেওয়ার জন্য বক্স স্থাপন করা হয়েছে। এ

ছাড়া ইমেইলের মাধ্যমে অভিযোগ জানাতে raggingcomplain@brur.ac.bd ঠিকানা চালু করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, অভিযোগকারীর পরিচয় গোপন রাখা হবে এবং প্রমাণ সাপেক্ষে অভিযুক্তদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন নবাগত শিক্ষার্থীদের প্রতি সবার সহানুভূতিশীল এবং বন্ধুত্বপূর্ণ আচরণ প্রত্যাশা করেছে। ‘র্যাগিং নয়, সহানুভূতি ও বন্ধুত্বই হোক বেরোবিয়ানদের পরিচয়’—এই বার্তা ছড়িয়ে দিতে সবাইকে আহ্বান জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ র্যাগিং বন্ধে এ পদক্ষেপকে ক্যাম্পাসের নিরাপদ পরিবেশ নিশ্চিত করার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে দেখছে।

বিশ্ববিদ্যালয়ের ১৪ ব্যাচের শিক্ষার্থী আবু হোসেন বলেন, ‘আমাদের বিশ্ববিদ্যালয়ে র্যাগিং নেই, তবে কিছু শিক্ষার্থী মাঝে মাঝে নবীনদের হয়রানি করে।

এই সমস্যা সমাধানে অভিযোগ বন্ধ ও ইমেইল ব্যবস্থা চালু করা একটি প্রশংসনীয় উদ্যোগ, যা নবীন শিক্ষার্থীদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে ভূমিকা রাখবে।’

বিশ্ববিদ্যালয়ের নবীন শিক্ষার্থী মুজাহিদ ইসলাম বলেন, ‘আমাদের সিনিয়র ভাই-আপুরা শুধু পরিচয়ের জন্য দীর্ঘ সময় মাঠে বসিয়ে রাখেন, তবে শারীরিক শাস্তি বা আঘাত করেন না। এখানে র্যাগিং নেই। বিশ্ববিদ্যালয়ের প্রশাসন এই উদ্যোগ আমাদের নবীন শিক্ষার্থী জন্য একটা ভালো কিছু নিয়ে আসবে।